


স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৫৬/ Pre Voc.Voc Edu (পার্ট-৭)/২০২৩/৩৬৩৩ তারিখ: ০৫.০২.২০২৪ খ্রি.  
বিষয় : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এ ই-রেজিস্ট্রেশন এবং নিয়মিতভাবে অনলাইনে শূন্যপদের চাহিদা প্রেরণ প্রসঙ্গে।  
সূত্র : এনটিআরসিএ-এর পত্র নং-৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪-৩০ তারিখ: ২৮ জানুয়ারী, ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শূন্যপদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে নিয়মি বিজ্ঞপ্তি প্রকাশের করে থাকে। ইতোমধ্যে ৫ম নিয়োগ সুপারিশ করার লক্ষ্যে এনটিআরসিএ-এ কর্তৃক প্রচলিত নিয়ম অনুসারে সকল বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকের শূন্যপদের তথ্য/চাহিদা (ই-রিকুইজিশন) অনলাইনে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। অনলাইনে চাহিদা প্রদানের পূর্বশর্ত হিসেবে সেসিপের ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানকে এনটিআরসিএ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে (২৯/০১/২০২৪ তারিখ থেকে ১২/০২/২০২৪ খ্রি.) আবশ্যিকভাবে ই-রেজিস্ট্রেশন (অনলাইন নিবন্ধন) কার্যক্রম সম্পাদন করতে হবে।

০২। এমতাবস্থায়, এনটিআরসিএ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ই-রেজিস্ট্রেশন (অনলাইন নিবন্ধন) সম্পন্ন করে শূন্যপদের তথ্য/চাহিদা (ই-রিকুইজিশন) এনটিআরসিএ'তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। শিক্ষক নিয়োগের জন্য শূন্যপদের তথ্য/চাহিদা (ই-রিকুইজিশন) অনলাইনে এনটিআরসিএ'তে প্রেরণের পাশাপাশি প্রমাণকসহ একই তথ্য ই-মেইলে ([sesipvoc640@gmail.com](mailto:sesipvoc640@gmail.com)) সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার  
সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠান

  
(ড. মো: আতাউর রহমান)  
উপপরিচালক (প্রোগ্রাম)  
ফোন: + ৮৮০২৪১০৫২৯৫৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৪. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট সকল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....
৭. উপপরিচালক (মাধ্যমিক), আঞ্চলিক পরিচালকের কার্যালয়.....।
৮. জেলা শিক্ষা অফিসার,.....।
৯. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪-৩০

তারিখ: ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

**ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শূন্যপদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে ৫ম নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৫ম নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে এনটিআরসিএ-এর প্রচলিত নিয়ম অনুসারে সকল বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্যপদের তথ্য/চাহিদা (ই-রিকুইজিশন) অনলাইনে সংগ্রহ করা হবে। অনলাইনে চাহিদা প্রদানের (E-Requisition) পূর্বশর্ত হিসাবে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে ই-রেজিস্ট্রেশন (অনলাইন নিবন্ধন) কার্যক্রম সম্পাদন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান পূর্বেই ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে তাদেরকে অবশ্যই ই-রেজিস্ট্রেশন প্রোফাইল হালনাগাদ করতে হবে। কোন প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে অনলাইন প্ল্যাটফর্মে ই-রেজিস্ট্রেশন সম্পাদন না করলে কিংবা প্রোফাইল হালনাগাদ না করলে অনলাইনে নিয়োগযোগ্য শিক্ষকের শূন্যপদের চাহিদা (ই-রিকুইজিশন) প্রদান করা সম্ভব হবে না। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশন করা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে User ID এবং Password ব্যবহার করে ই-রেজিস্ট্রেশন ফর্মের Edit অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ করতে হবে। কোন প্রতিষ্ঠানের সকল তথ্য অপরিবর্তিত থাকলেও ঐ প্রতিষ্ঠানকে লগইন করে Submit বাটনে ক্লিক করতে হবে। নতুবা ই-রেজিস্ট্রেশন নবায়ন/হালনাগাদ হবে না। এজন্য আগামী ২৯/০১/২০২৪ তারিখ থেকে ১২/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নতুন প্রতিষ্ঠানের জন্য ই-রেজিস্ট্রেশন করা এবং পূর্বে ই-রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। **প্রসঙ্গত: উল্লেখ্য যে, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের নিজস্ব প্রোফাইলও হালনাগাদ করতে হবে।** ই-রেজিস্ট্রেশন প্ল্যাটফর্মে লগইন করার জন্য তাদেরকে ইউজার আইডি ও পাসওয়ার্ড টেলিটক থেকে SMS এর মাধ্যমে প্রেরণ করা হবে। ই-রেজিস্ট্রেশন প্ল্যাটফর্মে লগইন করে তথ্য প্রদান কার্যক্রম সম্পন্ন করার জন্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) “ই-রেজিস্ট্রেশন” নামক সেবাবক্সে প্রদানকৃত নির্দেশনা অনুসরণ করতে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২৪  
(মুহাম্মদ নুরে আলম সিদ্দিকী)

সদস্য (যুগ্মসচিব)

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান

এনটিআরসিএ, ঢাকা।

ফোন নং- ০২-৪১০৩০০৪৬